শুভেচ্ছা

জন্মদিন

☺ সৌম্যজিৎ বোস (জিৎ) ঃ হাসি আর দুষ্টামিতে তিনটি বছর করলে তুমি পার। এই দিনটি শ্রীমার কাছে প্রার্থনা করি তোমার জীবনে আসুক শতবার। ঠাকুরদাদা পঙ্কজ বোস, ঠাকুমা জবা, পিতা সম্রাট, মাতা বাসনা, পিসি মুন, পিসা অশোক পাল, দিদি মান্তু, মিমি।

☺ কৃত্তীমান বর্মন (মিশুক) ঃ আজ তোমার ১ম বছরের শুভ জন্মদিনে রইল অনেক অনেক শুভেচ্ছা, প্রাণভরা ভালোবাসা ও আশীর্বাদ। -পিতা বিবেকানন্দ, মাতা প্রিয়াঙ্কা, ঠাকুরদা বীরেন চন্দ্র, ঠাকুমা জ্যোৎস্না, দাদু প্রমোদ কুমার, দিদা ভৈরবী, মাসি পাপিয়া, পিসেমশাই সুশীল রায়, পিসিমা কল্পনা, পিসতুত ভাই রুদ্র। হাড়িভাঙ্গা, নিশিগঞ্জ, কোচবিহার

মনোজ বলছেন পুরো মরশুম, সিএবি-র দাবি এক ম্যাচ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ নভেম্বর ঃ সকালে টেলি কনফারেন্সে বরফ গলার ইঙ্গিত। অধিনায়ক মনোজ তিওয়ারিও যাবতীয় ভুল বোঝাবুঝি মিটিয়ে বাংলার নেতৃত্বে রাজি। সন্ধ্যায় দল নির্বাচনি বৈঠকের শেষে বাংলা অধিনায়ক মনোজের করা মন্তব্য নিয়ে ফের উত্তাল বঙ্গ ক্রিকেট। যার রেশ সম্ভবত সুদূরপ্রসারী হতে চলেছে।

সোজাকথায় বাংলা ক্রিকেটে নেতৃত্ব বিতর্ক মিটেও মিটল না আজ। বরং তা অন্যদিকে মোড় নিল। যেখানে বঙ্গ ক্রিকেটের কোনো কোনো মহল থেকে অধিনায়ক মনোজকে 'মিথ্যাবাদী' হিসেবেও তুলে ধরা হল। শুধু তাই নয়, বঙ্গ ক্রিকেটের কোনো স্তরেই যে সঠিক বোঝাপড়া নেই, আজ সন্ধ্যার পর তা আরও স্পষ্ট।

ঘটনাটা কী?

গত কয়েকদিন ধরে ধারাবাহিক বিতর্কের পর আজ সকালে সিএবি যুগ্মসচিব অভিষেক ডালমিয়া টেলি কনফারেন্স করেন সভাপতি সৌরভ ও অধিনায়ক মনোজের সঙ্গে। বঙ্গ অধিনায়ককে বোঝানো হয়, তিনি যা করছেন বা ভাবছেন, তা ঠিক নয়। এমনকি এভাবে হঠকারী মন্তব্য করে তিনি সমস্যা বাড়াচ্ছেন। সভাপতি ও যুগ্মসচিবের কাছে ধমক খেয়ে মনোজ বাংলার নেতৃত্ব নিয়ে নিজের সিদ্ধান্ত বদলের কথা জানিয়ে দেন। সেই মতো আজ সন্ধ্যায় যুগ্মসচিব অভিষেক

নেতৃত্ব বিতর্ক

বাংলার নির্বাচক কমিটি, কোচ সাইরাজ বাহুতুলে ও অধিনায়ককে নিয়ে দলের নির্বাচনি বৈঠকে বসেন। ১২ নভেম্বর থেকে ইডেনে শুরু হতে চলা মধ্যপ্রদেশ ম্যাচের জন্য ১৬ সদস্যের দল বেছে নেওয়া হয়। প্রয়াসের বদলে দলে সুযোগ পেয়েছেন ঋত্বিক চট্টোপাধ্যায়। আর সৌরভ সিংয়ের বদলে দলে এসেছেন বিবেক সিং। দল নির্বাচনি বৈঠকের পরই শুরু যাবতীয় বিতর্কের। সিএবি-র তরফে সংবাদমাধ্যমের কাছে দলের যে তালিকা দেওয়া হয়েছে, সেখানে স্পষ্ট অধিনায়ক মনোজ সহ দল নির্বাচন হয়েছে শুধুমাত্র মধ্যপ্রদেশ ম্যাচের জন্য। অন্যদিকে, দল নির্বাচনের পর সংবাদমাধ্যমের সামনে হাজির হয়ে মনোজ বলেছেন, 'সব ভুল বোঝাবুঝি মিটে গিয়েছে। আমি বাংলা ক্রিকেটের স্বার্থের কথা ভেবে দায়িত্বে থাকছি বাকি মরশুমের জন্য।' বাংলা অধিনায়কের এমন মন্তব্য নিয়েই যাবতীয় সমস্যা ও বিতর্ক। মনোজের দাবি, তাঁকে সিএবি বাকি মরশুমের জন্যই অধিনায়ক রাখছে। কিন্তু বাংলার ক্রিকেট কর্তারা মনোজের দাবি উড়িয়ে দিয়েছেন। যুগ্মসচিব অভিষেক বলেছেন, 'শুধু মধ্যপ্রদেশ ম্যাচের দল নির্বাচনই আজ আমাদের এজেন্ডায় ছিল। সেই ম্যাচের দল ও অধিনায়ক বেছে নিয়েছি আমরা। এর বেশি কিছু বলার নেই।' যুগ্মসচিবের পাশে বাংলার নির্বাচক কমিটির প্রধান পলাশ নন্দীও একই কথা জানিয়েছেন। এমন অবস্থায় বাংলা অধিনায়কের সঙ্গে সিএবি কর্তাদের ভুল বোঝাবুঝির ব্যাপার ফের সামনে এসেছে। দলের অধিনায়কের উপর কী সিএবি-র আস্থা নেই? এমন প্রশ্নের সামনে পড়ে সিএবি-র তরফে অভিষেক বলেছেন, 'আস্থা বা অনাস্থার বিষয় নয়, আমরা শুধু মধ্যপ্রদেশ ম্যাচের জন্যই দল ও অধিনায়ক বেছে নিয়েছি। আমায় যতবার এব্যাপারে প্রশ্ন করবেন, আমি একই কথা বলব।' প্রশ্ন হল, মনোজ হঠাৎ এমন মন্তব্য করতে গেলেন কেন? বাংলা ক্রিকেটের শীর্ষকর্তাদের কাছে আলাদা করে এব্যাপারে প্রশ্ন করা হলে উঠে এসেছে একরাশ বিরক্তি ও অধিনায়কের প্রতি অনাস্থাই। রাতের দিকে এক শীর্ষ সিএবি কর্তা বলেছেন, 'হয় মনোজ ভুল বুঝেছে পুরোটা, অথবা মিথ্যা বলছে। আমরা এক ম্যাচের জন্যই দল ও অধিনায়ক নির্বাচন করেছি। সেটাই বহাল থাকবে আপাতত। বাকিটা সময়ের উপর ছেড়ে দেওয়াই ভালো।'

সোজাকথায়, বঙ্গ ক্রিকেটে অধিনায়ক মনোজকে নিয়ে বিতর্ক চলছেই। চলবেও।

লক্ষ্য প্রথমবার বিশ্ব টি২০ ট্রফি জয়

আজ কাপযুদ্ধ শুরু ভারতের

বিশ্বচ্যাম্পিয়নশিপ ট্রফির সঙ্গে ভারত অধিনায়ক হরমনপ্রীত কাউর।

প্রভিডেন্স (গায়না), ৮ নভেম্বর ঃ ২০১৬ সালে ইডেনের মাটিতে এক অভিনব দৃশ্যের সাক্ষী থেকেছিল ক্রিকেট বিশ্ব। কার্লোস ব্রেথওয়েটের ধুন্ধুমার ব্যাটিংয়ে ভর করে ট্রফি জয়ের পর মাঠেই উৎসবে মেতেছিলেন ওয়েস্ট ইন্ডিজের পুরুষ এবং মহিলা দল। পোলার্ডদের মতো সেবার টি২০ ফর্মাটে বিশ্বচ্যাম্পিয়ন হয়েছিল ক্যারিবিয়ান মহিলা দল। এবার অবশ্য শুধু চ্যাম্পিয়ন হিসেবেই নয়, আয়োজক হিসেবেও বাড়তি দায়িত্ব ওয়েস্ট ইন্ডিজের কাঁধে। তবে এবার পুরুষদের টুর্নামেন্টের সঙ্গে নয়, বরং পৃথক ক্রীড়াসূচি মেনে আয়োজিত হতে চলেছে মহিলা ক্রিকেটের বিশ্ব টি২০ চ্যাম্পিয়নশিপ। শুক্রবার ভারত বনাম নিউজিল্যান্ডের ম্যাচ দিয়ে যার ঢাকে কাঠি পড়তে চলেছে।

২০০৯ এবং ২০১০ সালে বিশ্ব টি২০-তে সেমিফাইনাল খেললেও এখনও পর্যন্ত ট্রফি জিততে পারেননি মিতালিরা। সেই ব্যর্থতার ইতিহাস এবার বদলাতে মরিয়া ভারতীয় মহিলা দল। সাফল্য পেতে কোচ রমেশ পাওয়ারের ভরসা, দলের ভরডরহীন মানসিকতা। অস্ট্রেলিয়া 'এ' দল এবং শ্রীলঙ্কার বিরুদ্ধে ভালো পারফরম্যান্সও আত্মবিশ্বাস বাড়িয়েছে ভারতীয় দলের। ওপেনার স্মৃতি মন্ধানা বলেছেন, 'এশিয়া কাপের ব্যর্থতা থেকে আমরা শিক্ষা নিয়েছি। এখন আমরা দলগতভাবে অনেক শক্তিশালী। আন্তর্জাতিক স্তরে যেকোনো চ্যালেঞ্জ সামলানোর জন্য ভারতীয় দল তৈরি। দল এখন কোনো একজনের উপর নির্ভর নয়। শ্রীলঙ্কা সিরিজে সেটা আমরা প্রমাণ করে দিয়েছি।' পাশাপাশি এখনই ট্রফি নয়, বরং প্রতিটি ম্যাচ ধরে এগোনোর দিকে লক্ষ্য দিচ্ছেন বলেও জানান তিনি। বিশ্বচ্যাম্পিয়নশিপের অভিযান শুরুর আগে ইংল্যান্ডের বিরুদ্ধে ওয়ার্ম আপ ম্যাচে জয় আত্মবিশ্বাস আরও বাড়িয়েছে ভারতীয় দলের। সাফল্য পেতে দলগত সংহতিতে জোর দিচ্ছেন কোচ রমেশ পাওয়ারও। তবে ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে দলের সাফল্য অনেকটাই নির্ভর করছে স্মৃতি, মিতালিদের পাশাপাশি জেমিমা রডরিগেজ, তানিয়া ভাটিয়া, হরমনপ্রীত কাউরদের উপর। বোলিং বিভাগে ঝুলন গোস্বামীর মতো অভিজ্ঞ তারকা না থাকলেও তাঁর অভাব ঢেকে দিতে তৈরি মানসী যোশি, পুনম যাদবরা। এবারই মহিলাদের বিশ্ব টি২০-তে ডিআরএস প্রযুক্তির ব্যবহার করতে চলেছে আইসিসি। যাকে স্বাগত জানাচ্ছেন ভারতীয় মহিলা দলের ক্রিকেটাররাও।

শুক্রবার শক্তিশালী ব্ল্যাক ক্যাপসদের চ্যালেঞ্জ সামলে ওঠার পরই ১১ নভেম্বর হরমনপ্রীতদের খেলতে হবে পাকিস্তানের বিরুদ্ধে। ১৫ নভেম্বর আয়ারল্যান্ড ম্যাচের পর ১৭ তারিখ খেলতে হবে দু-বারের চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। তবে আপাতত জয়ের লক্ষ্যে নিউজিল্যান্ড ম্যাচকেই পাখির চোখ করছেন মিতালিরা।

অয়েল ইন্ডিয়াকে হারিয়ে বরদলৈ ট্রফিতে চ্যাম্পিয়ন হওয়ার পর মহমেডান।

বরদলৈ মহমেডানের

গুয়াহাটি, ৮ নভেম্বর ঃ ৬৫তম বরদলৈ ট্রফি জিতল মহমেডান স্পোর্টিং। ফাইনালে অয়েল ইন্ডিয়াকে ৩-১ গোলে হারাল সাদা-কালো ব্রিগেড। মহমেডানের হয়ে জোড়া গোল করেন ফিলিপ আদজা (৫৮, ৬২ মিনিট)। অপর গোলটি আসে চার্লস আটছার (৫৫ মিনিট) পা থেকে। অয়েল ইন্ডিয়ার হয়ে একমাত্র গোলটি করেন মিলন বোরো (৮৭ মিনিট)।

গত মাসে নগাঁও ইনডিপেন্ডেন্স কাপে অল্পের জন্য ট্রফি হাতছাড়া হলেও এদিন ফাইনালে ট্রফি জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী ছিল রঘু নন্দীর দল। এদিন ফাইনালে শুরু থেকেই আক্রমণে ঝড় তুলতে দেখা যায় আদজা, প্রসেনজিৎদের। প্রথমার্ধ জুড়ে সাদা-কালো শিবিরের দাপট বেশি থাকলেও গোল পেতে মহমেডানকে অপেক্ষা করতে হয় দ্বিতীয়ার্ধ পর্যন্ত। ম্যাচের ৫৫ মিনিটে প্রথম অয়েল ইন্ডিয়ার রক্ষণে ফাটল ধরান স্ট্রাইকার চার্লস আটছা। উজ্জ্বল হাওলাদারের বাড়ানো ক্রস থেকে গোল করে মহমেডানকে এগিয়ে দেন তিনি। তার ঠিক তিন মিনিটের মাথায় সাদা-কালোকে ২-০ গোলে এগিয়ে দেন ফিলিপ আদজা। সেই গোলের রেশ কাটতে না কাটতে ফের গোল করে যান ফিলিপ। ৮৭ মিনিটে অয়েল ইন্ডিয়ার হয়ে মিলন বোরো একটি গোল পরিশোধ করলেও হার বাঁচাতে পারেনি সুব্রত ভট্টাচার্যের (পটলা) দল।

ট্রফি জয়ের পর দলের অধিনায়ক ফিলিপ বলেন, 'এটা আমার কাছে অত্যন্ত স্মরণীয় একটা মুহূর্ত। অধিনায়ক হিসেবে ফাইনালে গোল করে দলকে ট্রফি জেতাতে পেরে আমি খুশি।' কয়েকদিন আগেই এই অসমের মাটিতেই জেএসবি গোল্ড কাপ জিতেছিল মহমেডানের 'বি' টিম। সেই সাফল্যের ধারা বরদলৈতে বজায় রাখতে পেরে খুশি মহমেডান কোচ রঘু নন্দী। শুক্রবারই ট্রফি জয় করে কলকাতায় ফিরছে সাদা-কালো ব্রিগেড।

জিতল গোয়া

ফতোরদা, ৮ নভেম্বর ঃ পঞ্চম ইন্ডিয়ান সুপার লিগে দুবার পিছিয়ে পড়েও জয় পেল এফসি গোয়া। দিল্লি ডায়নামোসের বিরুদ্ধে তারা ৩-২ গোলে জিতল। ৬ মিনিটে বিক্রমজিৎ সিংয়ের গোলে এগিয়ে যায় দিল্লি। ৫৪ মিনিটে এডু বেদিয়া সমতা ফেরান। ৭০ মিনিটে লালিয়ানজুয়ালা ছাংতের গোলে ফের লিড নেয় দিল্লি। ৮২ মিনিটে ব্র্যান্ডন ফার্নান্ডেজ সমতা ফেরান। ৮৯ মিনিটে বেদিয়ার গোলে জিতল গোয়া।

স্মরণসভা

সৌম্যবিকাশ গুন (বাবুন)
গত ২৮/১০/২০১৮ অকাল প্রয়াণে ১১ই নভেম্বর ২০১৮ বিকেল ৪টায় হাকিমপাড়া 'পালপাড়া ফ্রেন্ডস ইউনিয়ন ক্লাব ভবনে' স্মরণসভায় শেষযাত্রার সঙ্গী ও শোকমগ্ন সকলকে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হচ্ছে।
শোকাহত ঃ পরিবারবর্গ।

আগামী সপ্তাহেই মাঠে আমনা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৮ নভেম্বর ঃ আগামী সপ্তাহ থেকেই মাঠে নেমে দৌড় শুরু করতে চলেছেন মাহমুদ আল-আমনা। মঙ্গলবার থেকে দলের সঙ্গে অনুশীলন করলেও মূলত ড্রেসিংরুমে রিহ্যাবেই সময় কাটাচ্ছেন সিরিয়ান মিডিয়ো। তবে লাল-হলুদ টিম ম্যানেজমেন্ট সূত্রের খবর, আগামী সপ্তাহেই মাঠে নেমে পড়বেন আমনা। রিহ্যাবে দ্রুত উন্নতি করছেন আমনা। বৃহস্পতিবার প্র্যাকটিসে ছুটি ছিল এনরিকে এসকুয়েদো-জনি আকোস্টাদের। শুক্রবার সকালে ফের অনুশীলনে নামবেন ইস্টবেঙ্গল ফুটবলাররা। অন্যদিকে, আগামী ১৭ তারিখ নির্বাসন নিয়ে লাল-হলুদের ভাগ্য নির্ধারিত হবে। ওইদিনই আপিল কমিটির সভা রয়েছে ফেডারেশনের।

ব্রাত্য রোনাল্ডো

লিসবন, ৮ নভেম্বর ঃ পোর্তুগাল জাতীয় দলে নেই ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। ১৮ নভেম্বর উয়েফা নেশনস্ লিগে ইতালির বিরুদ্ধে ম্যাচে দলে জায়গা হল না জুভেন্তাস তারকার। ধর্ষণের অভিযোগ ওঠায় এর আগে তিনি স্কটল্যান্ড ম্যাচ থেকেও বাদ পড়েছিলেন। সিআরসেভেনের সম্মতি নিয়েই তাঁকে দলে রাখা হয়নি বলে সূত্রের খবর।

জয়ের দোরগোড়ায় ইংল্যান্ড

গল, ৮ নভেম্বর ঃ প্রথম ইনিংসে ইংল্যান্ড ১৩৯ রানের লিড পাওয়ার পরই ম্যাচের ভবিতব্য অনেকটাই স্থির হয়ে গিয়েছিল। ফলে ম্যাচে ফিরতে হলে শ্রীলঙ্কাকে খুব অল্প রানের মধ্যে ইংল্যান্ডের দ্বিতীয় ইনিংস গুটিয়ে দিতে হত। কিন্তু বৃহস্পতিবার ওপেনার কিটন জেনিংসের অনবদ্য শতরানে ভর করে দ্বিতীয় ইনিংসে ৬ উইকেটে ৩২২ রান তুলে ডিক্লেয়ার করে ইংল্যান্ড। বাঁ-হাতি ওপেনার জেনিংস ১৪৬ রানে অপরাজিত থেকে যান। ফলে ৪৬২ রান তাড়া করতে নেমে তৃতীয় দিনের বিকেলে শ্রীলঙ্কা কোনো উইকেট না হারিয়ে ১৫ রান তুললে বিশাল কোনো অঘটন না ঘটলে হারের স্বাদ নিয়েই কেরিয়ারে ইতি টানতে হবে শ্রীলঙ্কার বাঁ-হাতি স্পিনার রঙ্গনা হেরাথকে। কেননা, গলের পিচে চতুর্থ ইনিংসে ৪০০ রান তাড়া করে জেতার নজির কোনো দলের নেই। যদিও সতীর্থ স্পিনারদের ব্যর্থতার মধ্যেও নিজের মতো ইংল্যান্ডকে ভাঙার চেষ্টা করেছিলেন বর্ষীয়ান হেরাথ। নিজের বিদায়ি ইনিংসে ৫৯ রান খরচ করে ইংরেজ অধিনায়ক জো রুট (৩) ও জোস বাটলারকে (৩৫) তুলে নেন তিনি। প্রথম ইনিংসের মতো দ্বিতীয়তেও ব্যর্থ হন ইংল্যান্ডের নতুন তিন নম্বর মইন আলি (৩)। কিন্তু মিডলঅর্ডারে বেন স্টোকস (৬২), প্রথম ইনিংসে শতরানকারী বেন ফোকসরা (৩৭) জেনিংসকে যোগ্য সংগত করায় দ্বিতীয় ইনিংসে ইংল্যান্ডের রান তিনশো ছাড়িয়ে যায়। চতুর্থ ও পঞ্চম দিনে অদ্ভুত রকমের মন্থর হওয়ার বদনাম থাকা গলের পিচে কোনো দল শেষ ইনিংসে ১১৪ ওভারের বেশি ক্রিজে টিকতে পারেনি। সেখানে অ্যাঞ্জেলো ম্যাথিউজ, দীনেশ চান্ডিমলরা যদি দু-দিন কাটিয়ে ম্যাচ ড্র করতে পারেন সেটাই ৪০ বছরের হেরাথের জন্য যথার্থ ফেয়ারওয়েল হবে।

৩৬০ ডিগ্রি বোলিং অ্যাকশনে চমক শিবার

কলকাতা, ৮ নভেম্বর ঃ বাইশ গজে এবি ডিভিলিয়ার্সের সৌজন্যে ৩৬০ ডিগ্রি ব্যাটিং দেখার সৌভাগ্য হয়েছে ক্রিকেটভক্তদের। কিন্তু ৩৬০ ডিগ্রি বোলিং! অবাক করার মতো সেই বিষয় নিয়েই হাজির উত্তরপ্রদেশের অনূর্ধ্ব-২৩ দলের বাঁ-হাতি স্পিনার শিবা সিং। সিকে নাইডু ট্রফিতে উত্তরপ্রদেশ বনাম বাংলা ম্যাচে শিবার বোলিং দেখার পর তোলপাড় ক্রিকেট বিশ্ব। বোলিং রান-আপ নিয়ে আম্পায়ারের কাছে এসেই চকিতে ৩৬০ ডিগ্রিতে বল ছাড়তে দেখা যাচ্ছে শিবাকে। যা সামলাতে হিমসিম খাচ্ছেন ব্যাটসম্যানরা। শিবার এমন বোলিং অ্যাকশন সোশ্যাল মিডিয়ায় ইতিমধ্যেই ভাইরাল। সবচেয়ে বড়ো কথা, অনূর্ধ্ব-২৩-এর এই স্পিনারের বোলিং নিয়ে মুখ খুলেছেন বিষেণ সিং বেদি, মাইকেল ভনের মতো ক্রিকেট ব্যক্তিত্বরা। শিবার বোলিং অ্যাকশনকে বেদি 'বিদঘুটে' বলে কটাক্ষ করলেও তাঁর বোলিংয়ে অভিনবত্ব খুঁজে পেয়েছেন ভন। ম্যাচের আম্পায়ার যদিও তাঁর বোলিংকে 'ডেড বল' ঘোষণা করে দেন। যা নিয়ে ক্ষোভপ্রকাশ করতে দেখা যায় উত্তরপ্রদেশ দলের ক্রিকেটারদের।

For Franchisee enquiries, please contact Soumyadeep Roy, Mob: +91 70039 40178 • For Distributor & Institutional enquiries, Call +91 90739 25302 • For Clean Home products trade enquiries, Call +91 90739 09475

Prestige Xclusive **Siliguri, North Bengal Electric Stores:** Ph: 0353-2526400/2777267, Mob: 9832552889; **Siliguri, Panitanki More, Jagannath Cellular:** 9434007070; **Berhampore:** Mob : 9609843487, 9434190138;

DISTRIBUTORS: Siliguri: North Bengal Stores 2430954; **DEALERS: Siliguri:** Crockery Palace, Ph: 9434234276, Mahakali Stores, Ph: 2436631; Nadia Stores 2777820; Pranab Stores, Ph: 2435784;Royal Suppliers Ph: 9832073734; Punjab Home Appliances 8101522057; Gandheswari V. Stores 9475584920; G.N. Variety Sts. 9832016895; Manoj Furniture 8016580466; City line 9474588875; Siliguri Trading 9832073922; Jony Enterprise 9674110858; The Appliances Store 9749994665; **Darjeeling:** Anup Sales Agency 9832091247, Ashraf Sales Corporation 9434978081, Adhunik 03542-252929; Royal House 255030; **Islampur:** Durga Metal Stores Ph: 257352, Banik Basanalaya 9832033362, Islampur Metal Stores 7384429290; **Jalpaiguri:** Prasadiram Prabhudayal, Ph:230397; Shangai Bros 943404430, Laxmi Stores 947581132 Bengal Electric & Hardware 231045; Chowdhury Brothers 9126629443; Prabhudayal & Co 231647; **Dhupguri:** GharSangsar 9434339739; **Falakata:** Bhubaneswari Ent. Ph: 9932460645; **Coochbehar:** Muskan Enterprise 9474521627, S.P. Trading 9434686111; Rajpuri 226992; TolaramDalimchand 230251; Poddar & Co 222689; Sharma Bros. 229830; Poddar& Co (Electronics) 9733358000; Poddar Traders 9733020125; **Dinhata:** Saha Brothers 255480; Joardar& Company 9832674284; **Jaigaon:** Sharma Bros 263050, Vikas Enterprise 264673; Crockery House 9751760126, Apna Bazar 263447; **Alipurdwar:** Kundu & Sons Ph: 9614163760, 255701; Variety Gas Oven:9775401556; **Malbazar:** Basanalaya 255187; ***Distributor*: Malda:** Raj Electronic Works, North Baluchar, 9564769470; ***Dealers:* Malda: *B.S. Road***, Malda Electric House (Chhata Bhandar), 0351-2252409; ***D.C.R Market***, Shree Biswanath Stores 9434149605; Nutun Ghar Sansar, 7384808880; Laxmi Alumunium, 9434078997; Shiv Durga Steel, 9593222586; **Raiganj:** Bharat Glass Sts 244367; Padma Stores 9749265567; Bisweswar Stores 9593903389; **Kaliagunj:** Ashirbad 9434373897; **Kaliachawk:** New Sonar Sansar, 8759168417; Alumuniam Shoping House, 9733125199; Simon Gift 8016856486; **Balurghat:** Maroari Potti, S. Kumar Steel Traders, 9800110006; Shree Balaji Steel, 7278688010; **Samsi:** Anu Basanalaya 8906149851; **Chanchal:** Sharma Sound Service, 9434186013; TukiTaki, 9734906594; Digital World 8642878982; **Rabindra Avenue:** Amita Gift House, 9851591800;Amita Store, 9153253894; **Gangarampur:** VIP House 9647761355; Mission More, Steel Furniture House, 9932483764; Joy Varitey 7001341827; **Mokdampur:** New Srimotir Rannaghar, 8918281026; **Patiram:** Raj Laxmi Enterprise, 9851433855;

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে সঞ্জীব তালুকদার কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন ঃ ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ থানামোড়, জলপাইগুড়ি- ৭৩৫১০১, ফোন ঃ ০৩৫৬১-২২৪২১৪, ২৩১৬৪৪। কোচবিহার অফিস ঃ সিলভার জুবিলি রোড, কোচবিহার- ৭৩৬১০১, ফোন ঃ ০৩৫৮২-২২৬৪৩৩। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন ঃ ০৩৫৬৪-২৫৯৪০১। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা- ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩-২৪৩৪৪৪৫/২৫২৯৬৬০।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in